



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd



স্মারক নং- ৩৮.০০.০০০.১০৭.২৬.০২২.১৬-৪৫

তারিখ: ১০ বৈশাখ ১৪২৭
২৩ এপ্রিল ২০২০


বিষয়: করোনা ভাইরাস (COVID 19) পরিস্থিতি মোকাবেলা ও প্রতিরোধে করণীয়।

বিশ্বব্যাপী প্রাণঘাতী করোনা ভাইরাস (COVID19) পরিস্থিতি মোকাবেলা এবং এর সংক্রমণ প্রতিরোধে সারদেশে সর্বাত্মক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল কর্মকর্তা-কর্মচারি ও শিক্ষক এ ভয়াবহ পরিস্থিতি মোকাবেলা ও প্রতিরোধে কাজ করে চলেছেন। এ গুরুত্বপূর্ণ দায়িত্ব-কর্তব্য পালনে নিম্নলিখিত বিষয়গুলো বাস্তবায়নের জন্য সকলকে অনুরোধ করা হলো।

- (১) মাননীয় প্রধানমন্ত্রীর ৩১ দফা সদয় নির্দেশনা প্রতিপালন করতে হবে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং এ অধিদপ্তর হতে প্রেরিত সকল নির্দেশনা ও পরামর্শ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। করোনা ভাইরাস মোকাবেলা ও সংক্রমণ প্রতিরোধে সরকার কর্তৃক গৃহীত সকল কার্যক্রম সম্পর্কে অবহিত থাকতে হবে এবং সংশ্লিষ্ট সকলকে জানাতে হবে।
- (২) করোনা ভাইরাসে আতঙ্কিত না হয়ে স্বাস্থ্যবিধি মেনে সাবধানে থাকতে হবে এবং সামাজিক দূরত্ব বজায় রেখে নিজকে, পরিবারকে এবং সকল মানুষকে সুরক্ষিত রাখতে হবে। এ বিষয়ে শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকসহ সকলকে সচেতন থাকতে হবে।
- (৩) বিদ্যালয় বন্ধ থাকলেও শিক্ষার্থীদের পড়া-লেখার ধারাবাহিকতা রক্ষায় ৭ এপ্রিল ২০২০ থেকে সংসদ বাংলাদেশ টেলিভিশনে প্রাথমিক পাঠ কার্যক্রম 'ঘরে বসে শিখি' সম্প্রচার করা হচ্ছে। 'ঘরে বসে শিখি' এর প্রতিদিনের রুটিন অভিভাবকদের মাধ্যমে শিক্ষার্থীদের জানাতে হবে এবং পাঠে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। উক্ত পাঠ কার্যক্রম শিক্ষকগণ দেখবেন এবং বাড়ীর কাজসহ প্রাসংগিক বিষয়াদি নিশ্চিত করবেন। অভিভাবক ও শিক্ষার্থীদের সঙ্গে যোগাযোগের জন্য শিক্ষকগণ নিজেদের মধ্যে দায়িত্ব ভাগ করে নিবেন। ক্লাসটারের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার বিষয়টি সমন্বয় করবেন। এ বিষয়ে ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর ও সহকারী ইন্সট্রাক্টরগণকে দায়িত্ব দেয়া যেতে পারে। উপজেলা/থানা শিক্ষা অফিসার সার্বিক তত্ত্বাবধান করবেন এবং প্রতিবেদন দিবেন।
- (৪) আশেপাশে কারো সর্দি-কাশি বা করোনা ভাইরাসের লক্ষণ দেখা দিলে সঙ্গে সঙ্গে ফোন নম্বর ৩৩৩-এ এসএমএস এর মাধ্যমে জানাতে হবে এবং হাসপাতালে নেয়ার পরামর্শ দিতে হবে।
- (৫) চলমান বোরো ধান কাটার কাজে শ্রমিকদের অবস্থানের জন্য বিদ্যালয় খুলে দিয়ে এবং ধান কাটার কাজে প্রাক্তন শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণসহ স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।
- (৬) শিক্ষার্থীদের শারীরিক ও মানসিকভাবে স্বাভাবিক ও আনন্দে রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ ও উপদেশ প্রদান করতে হবে।
- (৭) কর্মকর্তা-কর্মচারি ও শিক্ষকদের বেতন ভাতা যথাসময়ে প্রাপ্তি নিশ্চিত করতে হবে। অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হলে বা বাজেটের ঘাটতি হলে সঙ্গে সঙ্গে ই-মেইল ও একাউন্টিং ইনফরমেশন সিস্টেমে বা ই-ফাইল-এ চাহিদা প্রেরণ করতে হবে। এছাড়া পিআরএল ও জরুরি চিকিৎসা ছুটি দ্রুত মঞ্জুর করতে হবে।

- (৮) অতিদরিদ্র ও সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের পরিবারের তথ্য উপজেলা/থানা শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করতে হবে। উপজেলা/থানা শিক্ষা অফিসার স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় সহায়তা প্রাপ্তি নিশ্চিত করবেন।
- (৯) সকলকে কর্মস্থলে অবস্থান করতে হবে। ছুটি থাকার সময় পিটিআই, প্রাথমিক বিদ্যালয় ও বিভিন্ন পর্যায়ের অফিসগুলোর খোঁজখবর রাখতে হবে। ই-মেইল, ইন্টারনেট ও সামাজিক যোগাযোগ মাধ্যমে সংযুক্ত থাকতে হবে।
- (১০) বাংলাদেশ স্কাউটস কর্তৃক আয়োজিত বিভিন্ন কর্মকাণ্ড/চ্যালেঞ্জসমূহে ঘরে বসে অনলাইনে অংশগ্রহণ করার জন্য শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে।
- (১১) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও বিদ্যালয় আইসোলেশন বা কোয়ারেন্টাইন কেন্দ্র হিসাবে নির্বাচিত করা হলে এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।
- (১২) সকলের সচেতনতা ও সম্মিলিত প্রচেষ্টায় এ সংকটময় পরিস্থিতি থেকে নিজকে, পরিবারকে ও দেশের মানুষকে সুরক্ষিত রাখতে হবে।

ঘরে থাকুন, নিরাপদে থাকুন ও সুস্থ থাকুন।


 ২৬.০৪.২০২০
 মোঃ ফসিউল্লাহ
 মহাপরিচালক
 ফোন: ৫৫০৭৪৭৭৭

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল),
- ৩। পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল),
- ৪। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল),
- ৫। ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার (সকল),

অনুলিপি অবগতির জন্য:

- ১। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
- ২। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক (সকল),
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল),